# পরিসংখ্যান বিভাগ

**বাংলাদেশ ব্যাংক**

প্রধান কার্যালয়, ঢাকা

Website:
www.bb.org.bd

এসটিডি সার্কুলার লেটার নং-০৬/২০১৪ তারিখঃ সেপ্টেম্বর ৩০, ২০১৪ ইং

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**বেসরকারী খাতে দীর্ঘ মেয়াদী বৈদেশিক ঋণের তথ্য/উপাত্ত হার্ড কপির পাশাপাশি Rationalized Input Template (RIT) এর মাধ্যমে সংশোধিত সময়সীমা অনুযায়ী দাখিল প্রসঙ্গে।**

অত্র বিভাগে UNCTAD কর্তৃক সরবরাহকৃত Debt Management and Financial Analysis System (DMFAS) সফট্ওয়্যারের মাধ্যমে নিয়মিত কাজের অংশ হিসাবে বেসরকারী খাতে দীর্ঘ মেয়াদী (এক বছরের অধিক ম্যাচিউরিটি) বৈদেশিক ঋণের ঋণের তথ্য/উপাত্ত সংকলন করা হচ্ছে। উক্ত সফট্ওয়্যারে প্রতিটি লোনের সাধারন তথ্য, ট্রান্সি তথ্য, ড্রয়িং, পেমেন্ট সিডিউল এবং রিপেমেন্টস (প্রিন্সিপাল, ইন্টারেস্ট, কমিশন ইত্যাদি) ইত্যাদি বিস্তারিতভাবে সকল অনুমোদিত ডিলার ব্যাংক/ওবিইউ সমূহ থেকে প্রেরিত হার্ড কপি (ED-1 & ED-2) থেকে এন্ট্রি করা হচ্ছে। উক্ত ED-1 এবং ED-2 ফরম সমূহে অনেক ক্ষেত্রে অসম্পূর্ণ/ভুল/অসামঞ্জস্যতা পরিলক্ষিত হওয়ায় এবং সকল দীর্ঘ মেয়াদী বৈদেশিক ঋণের কাভারেজ না থাকায় (বিশেষত ইপিজেড এ অন্তভুর্ক্ত ১০০ ভাগ বিদেশী প্রতিষ্ঠানের ঋণের কাভারেজ) বেসরকারী খাতে দীর্ঘ মেয়াদী বৈদেশিক ঋণের পরিসংখ্যান সংকলন মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

এমতাবস্থায়, বিনিয়োগ বোর্ড কর্তৃক অনুমোদনপ্রাপ্ত এবং ইপিজেড সমূহে স্থাপিত শিল্প প্রতিষ্ঠান সমূহের বৈদেশিক ঋণ সহ বেসরকারী খাতে দীর্ঘ মেয়াদী সকল বৈদেশিক ঋণের তথ্য/উপাত্ত RIT এর মাধ্যমে নিয়মিতভাবে প্রত্যেক ত্রৈমাসিক শেষে পরবর্তী এক মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করতে হবে এবং কনফার্মেশন পাতাটির কপি সংশ্লিষ্ট ত্রৈমাসিকের ফরওয়ার্ডিং এর সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য যে, তিনটি RIT (T_ME_Q_LTED_GENERAL_INFO, T_ME_Q_LTED_TRANCHE_INFO এবং T_ME_Q_LTED_SCHEDULE) শুধুমাত্র একবার (প্রয়োজনীয় ক্ষেত্রে একাধিকবার) এবং অপর দুইটি RIT (T_ME_Q_LTED_TRANSACTION এবং T_ME_Q_LTED_PROJECTION) প্রত্যেক ত্রৈমাসিক শেষে নিয়মিতভাবে ঋণ সম্পূর্ণ পরিশোধ হওয়ার পূর্ব পর্যন্ত ওয়েবসাইটে RIT এর মাধ্যমে আপলোড করতে হবে। আরও উল্লেখ্য যে, ED-1, ED-2 এবং লোন এগ্রিমেন্টের হার্ডকপি সমূহ পরিসংখ্যান বিভাগের এসটিডি সার্কুলার নং-০৩/২০১৪, তারিখ- মে ১২, ২০১৪ এ নির্দেশিত সময়সীমার পরিবর্তে প্রত্যেক ত্রৈমাসিক শেষে পরবর্তী এক মাসের মধ্যে পরিসংখ্যান বিভাগে দাখিল করতে হবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনার বিশ্বস্ত,

স্বা/-

(মৃনাল কান্তি সরকার)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১৩৪